



ডিপো/আড়ৎ পরিচালনার জন্য নির্দেশাবলী

১	মৎস্য অধিদপ্তর হতে লাইসেন্স গ্রহণ ও প্রতি বছর ৩০শে নভেম্বরের মধ্যে লাইসেন্স নবায়ন করতে হবে। লাইসেন্স গ্রহণ ব্যতিরেকে ডিপো/আড়ৎ পরিচালনা করা যাবে না।		
২	প্রতিষ্ঠানের সাইনবোর্ড থাকতে হবে।		
৩	মেঝে ও দেওয়ালে টাইলস/মোজাইক যুক্ত থাকতে হবে। মেঝেতে পানি যাতে না জমে থাকে এমন ঢালু থাকতে হবে।		
৪	কমপক্ষে ৩ ফুট উচ্চতার বড় স্টেইনলেস স্টিলের টেবিল ব্যবহার করতে হবে।		
৫	ফুড গ্রেড প্লাস্টিকের ক্যারেট ব্যবহার করতে হবে।		
৬	ডিজিটাল স্কেল ব্যবহার করতে হবে।		
৭	গামবুট, হ্যান্ডগ্লোভস, এপ্রোন ইত্যাদি ব্যবহার করতে হবে।		
৮	কার্টের/লোহার কোন জিনিসপত্র ব্যবহার করা যাবে না।		
৯	বরফগলা পানিতে চিংড়ি ভিজিয়ে রাখা যাবে না।		
১০	চিংড়িতে পানি/অন্যান্য অপদ্রব্য পুশ দস্তনীয় অপরাধ। অপদ্রব্য পুশ হতে বিরত থাকতে হবে।		
১১	এক কেজি চিংড়ির জন্য এক কেজি বরফচূর্ণ দিয়ে বরফায়িত করতে হবে।		
১২	পানযোগ্য পানি ও পানযোগ্য পানি হতে তৈরিকৃত বরফ ব্যবহার করতে হবে।		
১৩	ডিপো/আড়ৎের মধ্যে যানবাহন রাখা, থাকা/খাওয়া, অন্যান্য মালামাল গুদামজাত করা যাবে না। সার্বিক পরিষ্কার-পরিচ্ছন্নতা রাখতে হবে।		
১৪	নিয়মিত ব্লিচিং পাউডার দিয়ে মেঝে, দেওয়াল ও ব্যবহৃত জিনিসপত্র জীবাণুমুক্তকরণ করতে হবে।		

আসুন সকলে মিলে নিরাপদ, মানসম্মত মৎস্য ও মৎস্য পণ্য উৎপাদন ও বিপণন নিশ্চিত করি।

জনসচেতনতায়: সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, কয়রা, খুলনা।